
গ্রেটার ম্যানচেস্টার
স্থানীয় মাতৃত্ব ও নবজাতক শিশুদের ব্যবস্থা

NHS
গ্রেটার ম্যাঞ্চেস্টার

# গর্ভাবস্থায় অ্যাসপিরিন


## রোগীর তথ্যজ্ঞাপন প্রচারপত্র






Bengali


# আমাকে কেন অ্যাসপিরিন খেতে বলা হয়েছে?



গর্ভাবস্থার প্রথম দিকে অ্যাসপিরিন আপনার শিশুর রক্ত প্রবাহ উন্নত করতে সাহায্য করে এবং আপনার শিশুকে ভালোভাবে বেড়ে উঠতে সাহায্য করতে পারে।

আপনার প্রি-এক্লাম্পসিয়া হওয়ার ঝুঁকি বা ছোটো বাচ্চা হওয়ার ঝুঁকি রয়েছে বলে শনাক্ত করা হয়েছে।

প্রি-এক্লাম্পসিয়া হল এমন এক গর্ভাবস্থার অবস্থা যার কারণে উচ্চ রক্তচাপ হয়।



গর্ভাবস্থায় আপনাকে প্রতিদিন সন্ধ্যায় 150mg অ্যাসপিরিন খাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। রাতে (সন্ধ্যা 6টার পরে) খাবারের সাথে এটি খান।

# প্রি-এক্লাম্পসিয়া কী?


প্রি-এক্লাম্পসিয়া হল এমন একটি জটিলতা যা প্রতি 100টি গর্ভাবস্থায় 2 থেকে 8 জন মহিলাকে প্রভাবিত করে, সাধারণত গর্ভাবস্থার দ্বিতীয়ার্ধে বা তাদের শিশুর জন্মের ঠিক পরেই হয়। যদি এটি পর্যবেক্ষণ এবং চিকিৎসা না করা হয় তবে এটি আপনার এবং আপনার শিশুর জন্য গুরুতর জটিলতা সৃষ্টি করতে পারে।



যদি আপনার প্রি-এক্লাম্পসিয়া হয় তাহলে আপনার নিম্নলিখিত অভিজ্ঞতা হতে পারে:


- মাথা ব্যথা
- দৃষ্টিশক্তি জনিত সমস্যাগুলি
- হাত, পা এবং মুখ ফুলে যাওয়া





**যদি আপনার ক্ষেত্রে এমন ঘটে, তাহলে অনুগ্রহ করে আপনার আপদকালীন প্রসূতি চিকিৎসা বিভাগে কল করুন।**

আপনার উচ্চ রক্তচাপ, প্রস্রাবে প্রোটিন বা রক্ত পরীক্ষাগুলির অস্বাভাবিক ফলাফল পাওয়া গেলে, আপনার ধাত্রী বা ডাক্তার আপনার প্রি-এক্লাম্পসিয়া আছে বলে জানতে পারেন।




## আমার শিশু ছোটো হওয়া কেন উদ্বেগের বিষয়?

কিছু শিশু প্রত্যাশার চেয়ে ছোটো হয়। এই শিশুদের অকাল জন্মগ্রহণ এবং নবজাতক ইউনিটে ভর্তির প্রয়োজন হওয়ার ঝুঁকি বেশি থাকে। তাদের মৃতপ্রসবের ঝুঁকিও বেশি।

আপনার শিশু যদি ছোটো হয়,তাহলে এই ঝুঁকিগুলি কমাতে চেষ্টা করার জন্য আপনাকে অতিরিক্ত পরীক্ষা-নিরীক্ষার প্রস্তাব দেওয়া হবে, যেমন স্ক্যান এবং হৃদস্পন্দন পর্যবেক্ষণ।

## অ্যাসপিরিন কীভাবে পাওয়া যাবে?



অ্যাসপিরিন পাওয়ার দুই রকমের উপায় আছে:

- আপনার ধাত্রীকে জিজ্ঞাসা করুন। আপনার ধাত্রী আপনাকে বিনামূল্যে অ্যাসপিরিন দেবেন অথবা হাসপাতালের ফার্মেসি থেকে প্রেসক্রিপশন পেতে সাহায্য করবেন।
- এটি যেকোনো সুপারমার্কেট থেকে কিনুন। এর দাম £2 এর নিচে এবং 75mg বা 300mg এর ট্যাবলেট হিসাবে পাওয়া যাবে। **সন্ধ্যা বেলায় দিনে একবার 150mg করে খান।**



আপনার অ্যাসপিরিন শেষ হওয়ার আগে, আপনার ধাত্রীর সাথে কথা বলুন - অথবা আপনি সুপারমার্কেট থেকে আরও কিনতে পারেন।

# আমার কখন অ্যাসপিরিন খাওয়া উচিত?





8 সপ্তাহের গর্ভাবস্থা থাকাকালীন অ্যাসপিরিন খাওয়া শুরু করুন। এটি সবচেয়ে ভালোভাবে কাজ করতে হলে, 16 সপ্তাহ হবার আগে শুরু করুন।

আপনার গর্ভাবস্থার 36 সপ্তাহ না হওয়া পর্যন্ত অথবা আপনার ধাত্রী আপনাকে থামতে না বলা পর্যন্ত প্রতি সন্ধ্যায় 150mg করে গ্রহণ করুন। আপনার সরবরাহ কমে যাওয়ার আগে আপনার ধাত্রীর সাথে যোগাযোগ করুন অথবা আপনি সুপারমার্কেট থেকে আরও বেশি কিনতে পারেন।

36 সপ্তাহের গর্ভাবস্থা থাকাকালীন অ্যাসপিরিন খাওয়া বন্ধ করুন। যদি তার আগে প্রসব শুরু হয়, তাহলে আপনার অ্যাসপিরিন বন্ধ করুন এবং আপনার ধাত্রীকে জানান। যদি আপনার ডাক্তার বলেন যে আপনার গর্ভাবস্থায় অ্যাসপিরিন প্রয়োজন, উদাহরণস্বরূপ কারণ আপনার হৃদরোগ আছে, তাহলে তাদের জিজ্ঞাসা করুন যে কখন বন্ধ করতে হবে।

কখন শুরু করবেন বা বন্ধ করবেন সে সম্পর্কে আপনার যদি প্রশ্ন থাকে, তাহলে অবিলম্বে আপনার ধাত্রীর সাথে যোগাযোগ করুন। অ্যাসপিরিন শুরু করার জন্য আপনার পরবর্তী অ্যাপয়েন্টমেন্টের জন্য অপেক্ষা করবেন না, কারণ 16 সপ্তাহের আগে শুরু করা গুরুত্বপূর্ণ।

**আপনার যদি নিম্নলিখিতগুলি থাকে, তাহলে অ্যাসপিরিন খাওয়ার আগে আপনার ধাত্রী বা ডাক্তারকে জিজ্ঞেস করা উচিত:**



- সক্রিয় বা পূর্ববর্তী পেটের আলসার থাকে
- রক্তপাতজনিত ব্যাধি থাকে
- 16 বছরের কম বয়স হয়
- হিমোফিলিয়া থাকে
- গুরুতর হৃদযন্ত্রের বৈকল্য থাকে
- আইবুপ্রোফেন, অ্যাসপিরিন বা অনুরূপ ওষুধের প্রতি অ্যালার্জি থাকে
- আইবুপ্রোফেন, অ্যাসপিরিন বা অনুরূপ ওষুধের কারণে হাঁপানি আরও খারাপ হয়


অ্যাসপিরিন প্যাকগুলিতে একটি তথ্যমূলক প্রচারপত্র থাকে যেখানে পরামর্শ দেওয়া হয়েছে যে গর্ভাবস্থায় অ্যাসপিরিন খাবেন না যদি না ডাক্তারের পরামর্শ থাকে।




বিশেষজ্ঞরা প্রি-এক্লাম্পসিয়া হওয়ার ঝুঁকি কমাতে এবং ছোটো বাচ্চা হওয়ার ঝুঁকিপূর্ণ কারণগুলি থাকলে অ্যাসপিরিন ব্যবহারের পরামর্শ দেন।

**গর্ভাবস্থায় অ্যাসপিরিন খেলে তা আপনার শিশুর জন্য কোনও ঝুঁকি তৈরি করে না।**

# অ্যাসপিরিন গ্রহণের পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কী?



সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলির জন্য আপনার অ্যাসপিরিন বাক্সে থাকা তথ্য প্রচারপত্র দেখুন।

গর্ভাবস্থায় অ্যাসপিরিনের এই ডোজ গ্রহণ করলে গর্ভপাত, যোনিপথে রক্তপাত বা প্লাসেন্টার পিছনে রক্তপাতের সম্ভাবনা বৃদ্ধি পায় না।

# এরপর কী হবে?

প্রি-এক্লাম্পসিয়ার লক্ষণগুলি পরীক্ষা করার জন্য প্রতিটি প্রসবপূর্ব অ্যাপয়েন্টমেন্টে আপনার রক্তচাপ এবং প্রস্রাব পরীক্ষা করে আমরা আপনার এবং আপনার শিশুর গর্ভাবস্থার পর্যবেক্ষণ করব।




# আমি যদি অন্য ওষুধ গ্রহণ করি তবে কী হবে?



অ্যাসপিরিন অন্যান্য ওষুধের সাথে প্রতিক্রিয়া দেখাতে পারে। আপনার ডাক্তার বা ধাত্রীকে আপনার গ্রহণ করা যেকোনো ওষুধ সম্পর্কে জানানো গুরুত্বপূর্ণ, যার মধ্যে কোনও ভেষজ বা ওভার-দ্য-কাউন্টার পণ্য গ্রহণ করাও অন্তর্ভুক্ত।

**যদি আপনার কোনও পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দেয় অথবা গর্ভাবস্থায় অ্যাসপিরিন ব্যবহার সম্পর্কে কোনও প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার ধাত্রী বা ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**



CS58103 NHS ক্রিয়েটিভ 2025

***ইজি-অন-দ্য-আই ছবিগুলির কপিরাইট
Leeds and York Partnership NHS Foundation Trust.**